*IMCC6 এর জন্য অ্যাবস্ট্রাক্ট (Abstract) জমা দিন! শেষ সময় ২৪ ফেব্রুয়ারি ২০২০।*
*অ্যাবস্ট্রাক্ট জমা দেওয়ার বিস্তারিত তথ্য নীচে দেখুন;*

## অ্যাবস্ট্রাক্ট-এর ফরম্যাট (Abstract format)

মৌখিক উপস্থাপনা, স্পিড টক, পোস্টার এবং ওশেন অনলাইন (Ocean Online) সেশনের প্রস্তাব অবশ্যই অ্যাবস্ট্রাক্ট আকারে জমা দিতে হবে। অনুমোদিত বিশেষ সিম্পোজিয়াতে (উন্মুক্ত বা সীমিত)এবং নিচের তালিকা অনুযায়ী কোনো বিষয়ে মৌখিক উপস্থাপনা এবং পোস্টারের অ্যাবস্ট্রাক্ট জমা দেয়া যাবে। অ্যাবস্ট্রাক্ট অবশ্যই ইলেক্ট্রনিক্যালি* জমা দিতে হবে। সব সেশনের জন্য অ্যাবস্ট্রাক্টের শব্দসীমা ৩০০।

*দয়া করে Accessibility Page দেখুন, যদি ভিন্ন কোনো ফরম্যাট আপনার জন্য প্রযোজ্য হয়।

## সাধারণ বিষয়ের তালিকা:

(যারা অ্যাবস্ট্রাক্ট জমা দিচ্ছেন,তাদের জন্য এই তালিকাটি নির্দেশিকা মাত্র; আগ্রহের অন্য বিষয়গুলা নিয়াও অ্যাবস্ট্রাক্ট সাদরে আমন্ত্রিত)

- মাছ ও মাছচাষ
- খাদ্য নিরাপত্তা ও পুষ্টি
- কল্যাণ ও স্বাস্থ্য
- নাগরিক বিজ্ঞান
- ঐতিহ্যগত প্রতিবেশ-জ্ঞান
- সামুদ্রিক ও উপকূলীয় লোকসমাজ ও সংস্কৃতি
- প্রাণ-প্রকৃতির হেফাজতের প্রযুক্তি
- সুনীল প্রবৃদ্ধি ও একটি টেকসই সাগর-অর্থনীতি
- জলবায়ু এবং বদলে যেতে থাকা মহাসাগর
- সামুদ্রিক ও উপকূলীয় শাসন
- প্রাণ-প্রকৃতির হেফাজতকাজের মার্কেটিং এবং/অথবা মনোবিদ্যা
- সাগরে অপরাধ
- সাগর দূষণ ও প্লাস্টিক
- সামুদ্রিক ও উপকূলীয় পুনরুজ্জীবন
- সামুদ্রিক ও উপকূলীয় প্রাণবৈচিত্র্য
- জ্ঞানের বিনিময়

## শিক্ষার্থী বৃত্তি (Student awards)

মৌখিক উপস্থাপনা, স্পিড টক ও পোস্টার ইত্যাদি উপস্থাপনার মধ্যে বাছাই করা সেরা শিক্ষার্থীদের পুরস্কার দেয়া হবে। এই পুরস্কারের জন্য বিবেচিত হতে চাইলে অবশ্যই অ্যাবস্ট্রাক্ট জমা দেয়ার সময় সেটি উল্লেখ করুন।

## রিভিউ প্রক্রিয়া (Review process)

রিভিউয়াররা অ্যাবস্ট্রাক্ট-এ অন্তর্ভুক্ত সব তথ্য (ব্যক্তিকে শনাক্তকারী তথ্য বাদে) জানতে পারবেন; একটি অ্যাবস্ট্রাক্ট বেনামিভাবে অন্তত তিনজন রিভিউয়ার রিভিউ করবেন। আপনার অ্যাবস্ট্রাক্ট নির্বাচিত হবার সম্ভাব্যতা বাড়ানোর জন্য দয়া করে নিচের মাপকাঠিগুলো বিবেচনা করুন:

- IMCC6 এর সামগ্রিক প্রতিপাদ্য বিষয়ের সাথে প্রাসঙ্গিকতা (সমুদ্রবিজ্ঞান কেন জরুরি)
- সামুদ্রিক হেফাজতকাজে প্রয়োগ/ বা হেফাজতকাজের বিজ্ঞান, নীতি, ব্যবস্থাপনা, ও চর্চার সাথে সরাসরি সম্পর্ক।
- প্রযোজ্য ক্ষেত্রে সেশনের প্রতিপাদ্য বিষয়ের সাথে প্রাসঙ্গিকতা।
- বিষয়ের নতুনত্ব— বিষয়টি কিভাবে নতুন কোন প্রশ্ন বা সমস্যাকে মোকাবিলা করে,বা সাবেকি কোনো প্রশ্নকে নতুন কোনো অঞ্চলে বা নতুন একটি দৃষ্টিকোণ থেকে দেখে। মাপকাঠিতে এটা কোনো কড়াকড়ি চাহিদা না, তবে অন্য মাপকাঠিতে উতরে যাবার পরে এটি আপনার অ্যাবস্ট্রাক্টকে এগিয়ে রাখতে পারে।

**জমা দেওয়ার সীমাবদ্ধতা এবং নিবন্ধকরণ (Submission limitations & registration)**

চূড়ান্তভাবে গৃহীত অ্যাবস্ট্রাক্ট-এর প্রধান লেখকদের অবশ্যই এপ্রিল ২০২০-এ নিবন্ধনের প্রথম ডেডলাইনের মধ্যে পুরো টাকা দিয়ে নিবন্ধন করতে হবে। এই বিধি মেনে চলতে ব্যর্থ লেখকরা IMCC6-এর প্রোগ্রামে অংশ নিতে পারবেন না।

**আবেদনের সীমাবদ্ধতা:**

- বিশেষ সিম্পোজিয়াম উপস্থাপনা, মৌখিক উপস্থাপনা, স্পিড টক বা পোস্টার-এর কোনো একটি বিভাগে কেউ একাধিকবার প্রথম লেখক হতে পারেবেন না। উদাহরণস্বরূপ, কোন ব্যক্তি পোস্টার এবং মৌখিক উপস্থাপনায় প্রথম লেখক হতে পারবেন, তবে দুটি মৌখিক উপস্থাপনায় উপস্থাপন করতে পারেবেন না।
- সিম্পোজিয়াম আয়োজকরা তাদের নিজস্ব সিম্পোজিয়ামগুলিতে উপস্থাপন করতে পারবেন।
- কর্মশালা এবং ফোকাস গ্রুপের আয়োজকরাও অ্যাবস্ট্রাক্ট জমা দিতে পারবেন।
- IMCC6-এর যে কোন বিভাগের পাশাপাশি যে কেউ Ocean Online-এ অ্যাবস্ট্রাক্ট জমা দিতে পারবেন।

**আর্থিক সহায়তা (Financial support)**

স্বল্প আয়ের দেশের প্রতিনিধিদের জন্য সীমিত ভ্রমণ অনুদান থাকবে। ভ্রমণ অনুদানে ইচ্ছুক প্রার্থীরা দয়া করে অনুদানে বিবেচিত হওয়ার আগ্রহ আপনার অ্যাবস্ট্রাক্ট জমা নিশ্চিতকরণের ইমেইল-সহ এখানে (travelgrants@imcc6.com) পাঠান।

## উপস্থাপনার ফরম্যাট (Presentation format)

### মৌখিক উপস্থাপনা - ১২ মিনিট (Oral presentation)

এই আলোচনা বা টকগুলো IMCC6-এ অনুমোদিত বিশেষ সিম্পোজিয়া এবং অন্যান্য সাধারণ বিষয়গুলির অধীনে পড়বে। মৌখিক উপস্থাপনা ১৫ মিনিটের মধ্যে সীমাবদ্ধ থাকবে: উপস্থাপনার জন্য ১২ মিনিট এবং প্রশ্নের জন্য ৩ মিনিট। মৌখিক উপস্থাপনের জন্য অ্যাবস্ট্রাক্ট অনুমোদিত বিশেষ সিম্পোজিয়া (উন্মুক্ত বা বন্ধ ⁎), বা সাধারণ আহ্বানে জমা দেওয়া যেতে পারে যা সম্মেলন চলাকালীন সময়ে বিষয় অনুসারে গ্রুপ বা ভাগ হবে। প্রক্রিয়া পরিচালনার সুবিধার্থে আপনার অ্যাবস্ট্রাক্ট জমা দেওয়ার সময় দয়া করে সাধারণ বিষয়গুলির তালিকা থেকে নির্বাচন করুন। যদি আপনার অ্যাবস্ট্রাক্ট অনুমোদিত হয় কিন্তু মৌখিক উপস্থাপনা হিসাবে স্থান পায় না, তবে আমরা আপনাকে একটি স্পিড টক বা পোস্টার উপস্থাপনের সুযোগ দিতে পারি।

*⁎ বিশেষ সিম্পোসিয়ায় জমা দেওয়া অ্যাবস্ট্রাক্ট (বন্ধ) অবশ্যই আয়োজক দ্বারা প্রদত্ত সেশন কোডের সাথে থাকতে হবে।*

### স্পিড টক (Speed talk)

আপনি স্পিড টক উপস্থাপনের জন্য অ্যাবস্ট্রাক্ট জমা দিতে পারেন। স্পিড টক-এর সেশনটি উত্তেজনাপূর্ণ ও দ্রুতগতির হয় এবং সময়সীমা (৪ মিনিট) কঠোরভাবে প্রয়োগ করা হয়।

### পোস্টার প্রেজেনটেশন (Poster presentation)

পোস্টার প্রেজেনটেশন হচ্ছে আপনার আলোচনার বিষয় সৃজনশীলভাবে উপস্থাপন করার চমকতার উপায়; এছাড়া অন্যান্য প্রতিনিধিদের সাথে কথোপকথনের দুর্দান্ত সুযোগ। গৃহীত /অনুমোদনকৃত বিশেষ সিম্পোজিয়া (উন্মুক্ত বা বন্ধ ⁎), বা সাধারণ আহ্বানে পোস্টার প্রেজেন্টেশনের জন্য অ্যাবস্ট্রাক্ট জমা দেওয়া যেতে পারে। পোস্টারগুলি IMCC6 চলাকালীন সময়ে একটি বিশেষ সন্ধ্যাকালীন ইভেন্টে উপস্থাপন করা হবে এবং সম্মেলনের সময় সবার জন্য উন্মুক্ত থাকবে।

## সেশন ফরম্যাট (Session format)

- **কর্মশালা (Workshop)**

কর্মশালার বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ, প্রত্যাশিত ফলাফল এবং কীভাবে এটি পরিচালিত হবে এর সংক্ষিপ্ত প্রস্তাবনা অ্যাবস্ট্রাক্ট-এ জমা দিতে হবে। সফল প্রস্তাবগুলো থেকে আরও বিস্তারিত পরবর্তীতে জানা হবে।

কর্মশালা ২২-২৩ আগস্ট, অর্থাৎ IMCC6 কংগ্রেসের পূর্বে অনুষ্ঠিত হবে এবং একটি কর্মশালা সর্বোচ্চ দু'দিন পর্যন্ত হতে পারে। কর্মশালায় অংশ নেওয়া প্রতিনিধিদের ওভারহেড ব্যয়, সরঞ্জামাদি এবং কেটারিংয়ের জন্য একটি ফি থাকবে। SCB Marine কর্মশালা আয়োজকদের জন্য আর্থিক সহায়তা দিতে অক্ষম। কর্মশালায় অংশগ্রহণকারীদের অবশ্যই IMCC6-এ নিবন্ধন করতে হবে।]

- **সিম্পোজিয়া (Symposia)**

সিম্পোসিয়াম সাধারণত সাগর সংরক্ষণের বিভিন্ন ক্রিটিক্যাল ও কাটিং-এজ বিষয়গুলি সম্বোধন করে। সিম্পোসিয়াম-এর বিষয় ব্যাখ্যা করে অ্যাবস্ট্রাক্ট জমা দিতে হবে। মোট সময়কাল দুই ঘন্টা এবং প্রায় ছয় থেকে সাত জন আলোচনা করতে পারবেন, এবং প্রত্যেকের নির্ধারিত সময়কাল ১০-১২ মিনিট। IMCC6-এ দুই ধরণের সিম্পোজিয়া রয়েছে:

- **বিশেষ সিম্পোজিয়াম** (বন্ধ)

প্রত্যাশিত অবদানকারীদের তালিকাসহ একটি অ্যাবস্ট্রাক্ট জমা দিবেন। সিম্পোজিয়াম আয়োজক একটি নির্দিষ্ট ইস্যুতে ফোকাস করে বিভিন্ন ধরণের আলোচনা পরিচালনা করবেন।

- **বিশেষ সিম্পোজিয়াম** (উন্মুক্ত)

প্রত্যাশিত অবদানকারীদের তালিকা ছাড়াই একটি অ্যাবস্ট্রাক্ট জমা দিবেন। এই বিষয়ে প্রস্তাবিত আলোচনা জমা দেওয়ার জন্য সাগর সংরক্ষণ নিয়ে যারা কাজ করেন তাঁদের কাছে উন্মুক্ত করা হবে। উদীয়মান কোন সমস্যা নিয়ে অনুসন্ধান বা গবেষণা করার জন্য বিশ্বব্যাপী বিভিন্ন প্রাক্টিশনারদের একত্রিত করার এটি দুর্দান্ত উপায় হচ্ছে উন্মুক্ত বিশেষ সিম্পোজিয়াম।

উল্লেখ্য, যদি কোন সেশন কার্যকর করার জন্য পর্যাপ্ত আগ্রহ বা আলোচনা-এর সুযোগ না থাকে তবে সেটি বাতিল হতে পারে।

- **ফোকাস গ্রুপ (Focus group)**

ফোকাস গ্রুপে সাধারণত সাগর সংরক্ষণে দক্ষ নানান লোকদের একত্রিত করে কোন নির্দিষ্ট ইস্যুতে সুপারিশের তালিকা, প্রকাশনা, সংক্ষিপ্ত নীতিমালা বা শ্বেতপত্র প্রস্তুত করে। ফোকাস গ্রুপের জন্য সংক্ষিপ্ত প্রস্তাবনায় থাকতে হতে হবে: (১) ফোকাস গ্রুপের লক্ষ্য বা উদ্দেশ্য, ন্যায্যতা ও ফলাফল নিয়ে গঠিত একটি সংক্ষিপ্তসার বা সিনোপসিস; এবং (২) সময়কাল, ফরম্যাট, অংশগ্রহণকারীদের প্রত্যাশিত সংখ্যা, এবং প্রযুক্তিগত প্রয়োজনীয়তা সহ সাংগঠনিক কাঠামো।

ফোকাস গ্রুপ এক ঘন্টা থেকে দুই দিন পর্যন্ত সময় নিয়ে হতে পারে। এগুলি মূল কর্মসূচির বাইরে অনুষ্ঠিত হবে, প্রাক-সম্মেলন (২২-২৩ আগস্ট), মধ্যাহ্নভোজনে, বা কনফারেন্সের মূল প্রোগ্রাম এর আগে বা পরে, বা কনফারেন্স শেষ হবার পর (২৮

আগস্ট)। মূল সম্মেলনের আগে বা পরে অনুষ্ঠিত ফোকাস গ্রুপগুলির জন্য সেখানে উপস্থিত প্রতিনিধিদের ওভারহেড ব্যয়, সরঞ্জাম এবং কেটারিংয়ের জন্য ফি জমা দিতে হবে। ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীদের অবশ্যই IMCC6-এ নিবন্ধন করতে হবে।